ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২১৯৩
বিলোনীয়া, ৭ আগস্ট, ২০২৫

**ভারতচন্দ্র নগর ব্লকে পঞ্চদশ অর্থ কমিশনের অর্থে নানা উন্নয়নমূলক কাজ**

চলতি অর্থবছরে ভারত চন্দ্রনগর ব্লক এলাকায় পঞ্চদশ অর্থ কমিশনের অর্থে বিভিন্ন উন্নয়নমূলক কাজ করা হবে। চিত্তামারা পঞ্চায়েতে একটি ডিপ টিউবওয়েলের মেরামত ও পাইপ লাইনের মেরামত করা হবে। ব্যয় হবে চল্লিশ হাজার টাকা। ব্লকের পূর্ব কলাবাড়ি পঞ্চায়েতে চল্লিশ হাজার টাকা ব্যয়ে একটি ডিপ টিউবওয়েলের মেরামত ও পাইপ লাইনের মেরামত করা হবে। এছাড়া দক্ষিণ ভারতচন্দ্র নগর পঞ্চায়েতের অমৃত সরোবরে বাউন্ডারি গেইট নির্মাণ করা হবে। ব্যয় হবে ১ লক্ষ টাকা। ভারতচন্দ্র নগর ব্লক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****